



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৩ অক্টোবর, ২০১৯

প্রেসবিজ্ঞপ্তি

আজ ১৩ অক্টোবর, ২০১৯ তারিখ বিকাল ৩টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে একাডেমিক কাউন্সিলের জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

দীর্ঘদিন পরে অনুষ্ঠিত সমাবর্তনে আগ্রহী শিক্ষার্থীদের সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে সভায় রেজিস্ট্রেশন ফি পুনঃনির্ধারণ করা হয়। অনার্স/সমমান/বিএসসি (নার্সিং)/গ্র্যাজুয়েট ডিগ্রীর জন্য ৪০০০/ (চার হাজার) টাকা, স্নাতকোত্তরের জন্য ৪৫০০/ (চার হাজার পাঁচশত) টাকা এবং এমবিবিএস/বিডিএস/এমফিল/পিএইচডি'র জন্য ৬০০০ (ছয় হাজার) টাকা রেজিস্ট্রেশন ফি পুনঃনির্ধারণ করা হয়।

একাডেমিক কাউন্সিলের সভায় আসন্ন সমাবর্তন সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করা হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার